দৈনিক ইত্তেফাক

MAY 25 200_

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৫

# আগামী মাসে ঢাবির ভিসি প্যানেল নির্বাচন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** আগামী মাসের শেষ সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পরিচালনা বোর্ড সিনেটের সদস্যদের ভোটে ভিসি নির্বাচিত হবেন। গত বছর ১২ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর বিদায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ ১৮৯৭ সালের (৫ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আগামী মাসে

(৩য় পৃঃ পর)

জেনারেল ক্লজেস এ্যাক্ট এর ১৬ ধারা অনুযায়ী নির্বাচিত ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরীকে অপসারণ করে অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে ২৪তম ভিসি হিসেবে ৪ বছরের জন্য নিয়োগ দেন। ২০০০ সালের অক্টোবর মাসে বিশ্ববিদ্যালয়ে সিনেট সদস্যদের ভোটে অধ্যাপক একে আজাদ চৌধুরী ভিসি হিসেবে পুনঃ নির্বাচিত হয়েছিলেন। ৪ বছরের জন্য বর্তমান ভিসি অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরীকে নিয়োগ দেয়া হলেও সরকারের ঊর্ধ্বতন মহলের পরামর্শে এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিতর্ক এড়ানোর জন্য ভিসির নিজ উদ্যোগেই নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে বলে সূত্র জানায়। সিনেটের মোট সদস্য ১০৪ জন থাকলেও গত বছরের ১০ ডিসেম্বর সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ভোট গ্রহণের অনিয়মের অভিযোগে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন বাতিল করে দেওয়া এবং ডাকসু না থাকায় ৫ ছাত্র প্রতিনিধির পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় ৭৪ জন সিনেট সদস্য ভিসি প্যানেল নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। বাতিল হয়ে যাওয়া ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধিই আওয়ামী সমর্থিত গণতান্ত্রিক ঐক্য প্যানেলের। ৭৪ জন সিনেট সদস্যের মধ্যে ৫০ জনই বিএনপি জামায়াত সমর্থিত বলে সূত্র নিশ্চিত করেছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সিনেটের বিভিন্ন কোটায়